দৈনিক ইত্তেফাক

তারিখ ... 29 MAY 1994 ..
পৃষ্ঠা ১ কলাম ২

# দারিদ্র্য দূরীকরণে শিক্ষার বিকল্প নাই

## প্রধানমন্ত্রী

বাসস ।। - প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দারিদ্র্য দূর এবং দেশকে অবিলম্বে স্বনির্ভর করিয়া তোলার লক্ষ্যে বিপুল জনগোষ্ঠীকে মানব সম্পদে পরিণত করার জন্য শিক্ষা বিস্তারে সম্মিলিত প্রচেষ্টা চালানোর আহ্বান জানাইয়াছেন। গতকাল (শনিবার) ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'মানব সম্পদ উন্নয়ন এবং দারিদ্র্য দূর করার ক্ষেত্রে মাধ্যমিক

( ২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

### প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

কারিগরি ও উচ্চ শিক্ষার ভূমিকা' শীর্ষক দুইদিনব্যাপী এক জাতীয় ওয়ার্কশপের উদ্বোধনকালে তিনি বলেন, 'আসুন, আমরা সকলে সম্মিলিতভাবে শিক্ষা বিস্তারের লক্ষ্যে কাজ করি।' মানব সম্পদ উন্নয়ন এবং দারিদ্র্য দূর করার মাধ্যম হিসাবে শিক্ষাকে আমাদের গ্রহণ করিতে হইবে।

শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়ার্কশপে পরিকল্পনা প্রতিমন্ত্রী ডঃ আবদুল মঈন খান, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান, শিক্ষাসচিব ইরশাদুল হক এবং অতিরিক্ত শিক্ষাসচিব বেগম খোদেজা আজম বক্তৃতা করেন।

বেগম জিয়া শিক্ষার মানোন্নয়ন, ব্যয় হ্রাস এবং শিক্ষার ক্ষেত্রে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার উদ্দেশ্যে তাহার সরকারের গৃহীত ব্যবস্থাবলীর কথা উল্লেখ করিয়া বলেন, বিগত ৩ বছরে আমরা ধারা পরিবর্তনে সক্ষম হইয়াছি, শিক্ষার উন্নয়নে গৃহীত বিভিন্ন কর্মসূচীর সুফল ইতিমধ্যে পাওয়া যাইতেছে। জনগণকে উন্নয়নের চালিকাশক্তি হিসাবে উল্লেখ করিয়া প্রধানমন্ত্রী বলেন, জনগণের উন্নয়ন দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা করে। ইহাতে দারিদ্র্য হ্রাস পায়, বিপুল জনগোষ্ঠি রূপান্তরিত হয় জনশক্তিতে। তিনি বলেন, দারিদ্র্য দূরীকরণ কর্মসূচী সফল করিতে শিক্ষার কোন বিকল্প নাই। আমাদের মনকে পরিচালিত করা এবং জাতি গঠনের কর্মকাণ্ড সম্পর্কে চিন্তা ভাবনা করার ক্ষেত্রে শিক্ষা আমাদের সহায়তা করিয়া থাকে।

তিনি বলেন, দুই হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা কর্মসূচী সফল করার লক্ষ্যে বর্তমান সরকার প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক ও সার্বজনিন করিয়াছে।

প্রধানমন্ত্রী দেশের অর্ধেক জনশক্তি মহিলাদের মাধ্যমিক, কারিগরি ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে সম্পৃক্ত করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করিয়া বলেন, এসব শিক্ষায় তাহাদের অংশ গ্রহণ নিশ্চিত করা না হইলে আর্থ-সামাজিক ক্ষেত্রে পরিবর্তন আনয়ন খুবই কঠিন হইবে।